

EDUTOUCH COACHING INSTITUTE

(A Unit of Edutouch Welfare Foundation, Registered Under Govt. of India)

সরকারি চাকরির প্রস্তুতির এক নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Weekly Current Affairs – 01st– 07th Sept' 2025

জাতীয় ঘটনাবলি

1. ভারতের প্রথম National Biofoundry Network লঞ্চ করলেন কেন্দ্রীয় মন্ত্রী জিতেন্দ্র সিং। ন্যাশনাল বায়োফাউন্ড্রি নেটওয়ার্ক হল ছয়টি (উন্নত জৈব উৎপাদন, কৃত্রিম জীববিজ্ঞান, জিন সম্পাদনা, জলবায়ু-স্মার্ট কৃষি, সবুজ জৈবপ্রযুক্তি, শীর্ষস্থানীয় জৈবপ্রযুক্তি) উদ্যোগের সমন্বয়ে গঠিত একটি জাতীয় স্তরের প্ল্যাটফর্ম। এটি জৈবপ্রযুক্তি গবেষণাকে বাজার-প্রস্তুত সমাধানে রূপান্তরিত করার জন্য, উদ্ভাবনকে উৎসাহিত করার জন্য ডিজাইন করা হয়েছে। এটি জৈবপ্রযুক্তি পণ্যের নকশা, পরীক্ষা, প্রোটোটাইপিং এবং স্কেলিংয়ের জন্য একটি ওয়ান-স্টপ ইকোসিস্টেম হিসেবে কাজ করবে।
2. নয়ডায় ভারতের প্রথম Tempered Glass Manufacturing Facility উদ্বোধন করলেন কেন্দ্রীয় মন্ত্রী শ্রী অশ্বিনী বৈষ্ণব। কারখানাটি অপটিমাস ইনফ্রাকম নামক কোম্পানির মালিকানাধীন এবং পরিচালিত হবে।
3. প্রবীণ সৈনিকদের পেনশন, স্বাস্থ্যসেবা, পুনর্বাসন এবং কল্যাণ পরিষেবা প্রদান উন্নত করার জন্য কোয়ালিটি কাউন্সিল অফ ইন্ডিয়া (QCI)-এর সাথে MoU স্বাক্ষর করল কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রক। বর্তমানে ভারতে প্রবীণ সৈনিকদের সংখ্যা প্রায় 63 লক্ষেরও বেশি। এছাড়াও এই MoU-এর অধীনে, QCI প্রাক্তন সৈনিক কল্যাণ বিভাগ (DESW)-কে ডিজিটাল মূল্যায়ন, প্রভাব মূল্যায়ন এবং প্রমাণ-ভিত্তিক নীতিগত সুপারিশগুলি প্রদানে সহায়তা করবে।
4. 28 আগস্ট থেকে 10 সেপ্টেম্বর মিশরে আয়োজিত 'Exercise Bright Star 2025'-এ ভারতীয় সেনাবাহিনী, ভারতীয় নৌবাহিনী এবং ভারতীয় বিমান বাহিনীর মোট 700 জনেরও বেশি সৈন্য অংশগ্রহণ করবে। ব্রাইট স্টার এক্সারসাইজ মিশর এবং মার্কিন যুক্তরাষ্ট্রের যৌথ উদ্যোগে আয়োজিত একটি বহুপাক্ষিক মহড়া।
5. Electronics, Space এবং Satellite Communication প্রযুক্তিতে যৌথ সহযোগিতা বৃদ্ধি করতে ফিলিপাইনের সাথে MoU স্বাক্ষর করল ভারত।
6. কৃষি খাতে প্রযুক্তিগত সহযোগিতার জন্য ভুটানের সাথে MoU স্বাক্ষর করল ভারত।
7. নিউ দিল্লীতে মেডিকেল সেনা কর্তৃক আয়োজিত MILMEDICON-2025: "International Conference on Physical and Mental Trauma in Military Settings" উদ্বোধন করলেন রাজ্যমন্ত্রী সঞ্জয় শেঠ। এই সম্মেলনে বিশ্বব্যাপী সামরিক চিকিৎসা ক্ষেত্রে উদ্ভাবন, চ্যালেঞ্জ এবং সংস্কারের উপর আলোকপাত করা হয়।
8. ভারত এবং এশিয়া প্যাসিফিক অঞ্চলে শিক্ষামূলক ক্ষেত্রে নেতৃত্ব দেওয়ার জন্য রাঘব গুপ্তকে নিযুক্ত করলো OpenAI. ChatGPT-নির্মাতা কৃত্রিম বুদ্ধিমত্তা কোম্পানি OpenAI নিউ দিল্লীতে প্রথম ভারতীয় অফিস চালু করার পরিকল্পনা করেছে। OpenAI ভারত-নির্দিষ্ট প্রোগ্রাম চালু করেছে, যার মধ্যে IIT মাদ্রাজ, AICTE এবং শিক্ষা মন্ত্রণালয়ের সাথে একটি লার্নিং অ্যাক্সিলারেটর অন্তর্ভুক্ত রয়েছে।
9. চতুর্থতম ভারতীয় বিমান সংস্থা হিসেবে International Air Transport Association (IATA)-এ সদস্য হিসেবে যুক্ত হল Air India Express.
10. 70th Filmfare Awards 2025 আয়োজন করবে গুজরাট।
11. ভারতের প্রথম Semiconductor OSAT Pilot Line Facility উদ্বোধন করা হল গুজরাটের সানন্দে।
12. ভারত ও থাইল্যান্ডের মধ্যে 14তম যৌথ সেনা মহড়া MAITREE পরিচালিত হচ্ছে মেঘালয়ে।
13. আসামে প্রথমবার Exercise Aarogya Setu পরিচালনা করল ভারতীয় সেনাবাহিনী। আরোগ্য সেতু মহড়া হল ভারতের প্রথম বেসামরিক-সামরিক চিকিৎসা সংমিশ্রণ মহড়া। দুর্যোগ এবং যুদ্ধ পরিস্থিতিতে সেনাবাহিনীর মেডিকেল কর্পস এবং বেসামরিক স্বাস্থ্যসেবার মধ্যে সহযোগিতা উন্নত করার জন্য আসামে ভারতীয় সেনাবাহিনী দ্বারা এই মহড়া পরিচালিত হল।
14. অরুণাচল প্রদেশে 'Achook Prahar' নামে যৌথ অগ্নিশক্তি মহড়া পরিচালনা করলো ভারতীয় সেনাবাহিনীর স্পিয়ার কর্পস এবং ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ (ITBP). সিমুলেটেড যুদ্ধক্ষেত্র পরিস্থিতিতে চার দিনব্যাপী এই মহড়া চলবে।
15. কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রক কর্তৃক প্রকাশিত State Energy Efficiency Index (SEEI) 2024-এ শীর্ষে রয়েছে মহারাষ্ট্র।
16. গুজরাটে ভারতের প্রথম Multi-Lane Free Flow (MLFF) Tolling System চালু করল National Highways Authority of India (NHAI). [MLFF হল টোল সংগ্রহের একটি বাধাহীন পদ্ধতি, যানবাহনগুলিকে FASTag প্রযুক্তি, স্বয়ংক্রিয় নম্বর প্লেট রিকগনিশন (ANPR) ক্যামেরা এবং RFID রিডারের সংমিশ্রণ ব্যবহার করে বাধাহীনভাবে (না থামিয়ে) হাইওয়েগুলিতে গতিতে টোল নেওয়ার ব্যবস্থা।]

17. 2025 সালের আগস্ট মাসে প্রকাশিত তথ্য অনুসারে, E-Bus Adoption-এর ক্ষেত্রে প্রথম স্থানে রয়েছে দিল্লি; দ্বিতীয় ও তৃতীয় স্থানে যথাক্রমে মহারাষ্ট্র ও কর্ণাটক। পূর্বজোনের মধ্যে প্রথম এবং ভারতব্যাপী পঞ্চম স্থানে রয়েছে ওড়িশা। দেশব্যাপী ষষ্ঠ স্থানে রয়েছে পশ্চিমবঙ্গ। পশ্চিমবঙ্গে বর্তমানে চলমান ই-বাসের সংখ্যা 391 টি।
18. গুরুত্বপূর্ণ খনিজ খাতে সহযোগিতা জোরদার করতে জাপানের সাথে মেমোরেন্ডাম অফ কো-অপারেশন (MOC) স্বাক্ষর করল ভারত। উভয় পক্ষ খনিজ সম্পদ এবং নীতিমালা সম্পর্কে তথ্য বিনিময় করবে, নিয়মকানুন, নিলাম, সাসটেইনেবল গভীর সমুদ্র খনন, উত্তোলন, প্রক্রিয়াকরণ, গুরুত্বপূর্ণ খনিজ পদার্থের মজুদ এবং গুরুত্বপূর্ণ খনিজ প্রকল্পের সম্ভাব্য যৌথ উন্নয়ন বিষয়ে কাজ করবে দুটি দেশ। বর্তমানে ভারতের কেন্দ্রীয় কয়লা ও খনি মন্ত্রী পদে রয়েছেন জি কিষণ রেড্ডি।
19. উত্তরপ্রদেশের নয়ডায় ভারতের বৃহত্তম Aero Engine Test Bed-এর উদ্বোধন করলেন কেন্দ্রীয় মন্ত্রী রাজনাথ সিং। বিমানের ইঞ্জিন বিকাশ, বৈশিষ্ট্য এবং পরীক্ষা করার জন্য এই বেড ব্যবহৃত হয়। কর্মক্ষমতা, নিরাপত্তা এবং সার্টিফিকেশনের প্রয়োজনীয়তা পূরণ করে এই Aero Engine Test Bed.
20. অরুণাচল প্রদেশে 'Yudh Kaushal 3.0' নামে মহড়া পরিচালনা করল ভারতীয় সেনাবাহিনী।
21. NARI 2025 রিপোর্ট অনুযায়ী ভারতে মহিলাদের জন্য নিরাপদ শহর হিসেবে প্রথম স্থানে রয়েছে কোহিমা, পঞ্চম স্থান পেলে গ্যাংটক। তালিকায় নিচের দিকে রয়েছে পাটনা, জয়পুর, ফরিদাবাদ, দিল্লী কলকাতা, শ্রীনগর এবং রাঁচি।
22. সম্প্রতি প্রকাশিত National Statistics Office (NSO) রিপোর্ট অনুযায়ী ভারতের GDP বৃদ্ধির হার 7.8%। (2025-26 অর্থবছরের প্রথম প্রান্তিকে পরিষেবা এবং নির্মাণ খাত ভালো পারফর্ম করেছে, উৎপাদন খাত আগের বছরের তুলনায় খারাপ পারফর্ম করেছে এবং সরকারি খরচও কমেছে।)

আন্তর্জাতিক ঘটনাবলি

1. 56th BSF-BGB (বর্ডার গার্ড বাংলাদেশ) DG-Level Border Conference অনুষ্ঠিত হল বাংলাদেশের ঢাকায়। ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্ব দেন BSF-এর মহাপরিচালক দলজিৎ সিং চৌধুরী।
2. 2026 মার্চ মাস থেকে শ্রেণিকক্ষে মোবাইল ফোন নিষিদ্ধ করবে দক্ষিণ কোরিয়া।
3. বিনিয়োগকারীদের জন্য Golden Residency Programme চালু করেছে ওমান।
4. থাইল্যান্ডের ভারপ্রাপ্ত প্রধানমন্ত্রী হিসেবে নিযুক্ত হলেন Phumtham Wechayachai.
5. ভারত ও আমেরিকার মধ্যে 21তম যৌথ সেনা মহড়া 'Yudh Abhyas 2025' আয়োজিত হচ্ছে আমেরিকার আলাস্কাতে।

নিয়োগ

1. সম্প্রতি সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে শপথ নিলেন অলোক আরাধে এবং বিপুল মনুভাই পাঞ্চোলি। ভারতের প্রধান বিচারপতি (CJI) ভৃষণ রামকৃষ্ণ গাভাই নবনিযুক্ত দুই বিচারপতিকে শপথবাক্য পাঠ করান। এই দুই নতুন বিচারপতির শপথ গ্রহণের মাধ্যমে, সুপ্রিম কোর্টে ভারতের প্রধান বিচারপতি-সহ 34 জন বিচারপতির পূর্ণ অনুমোদিত সংখ্যা ফিরে এসেছে।
2. 29তম কন্ট্রোলার জেনারেল অফ অ্যাকাউন্টস(CGA) হিসেবে দায়িত্ব গ্রহণ করলেন টি.সি.এ. কল্যাণী। CGA হলেন ভারত সরকারের প্রধান অ্যাকাউন্টিং উপদেষ্টা।
3. Food Safety and Standards Authority of India (FSSAI) -এর নতুন CEO হিসেবে নিযুক্ত হলেন 1991 ব্যাচের IAS অফিসার রজিত পুনহানি।
4. Jammu and Kashmir Bank-এর Non-Executive Chairman হিসেবে মনোনীত হলেন এস কৃষ্ণন।
5. Solar Energy Corporation of India (SECI) Limited-এর নতুন ম্যানেজিং ডিরেক্টর হিসেবে নিযুক্ত হলেন আকাশ ত্রিপাঠী।
6. কানাডায় ভারতের পরবর্তী হাইকমিশনার হিসেবে নিযুক্ত হলেন দীনেশ কে পট্টনায়ক।
7. International Monetary Fund (IMF)-এর Executive Director হিসেবে নিযুক্ত হলেন প্রাক্তন RBI গভর্নর উর্জিত প্যাটেল।
8. ভারতীয় রেলওয়ে বোর্ডের চেয়ারম্যান হিসেবে 1 বছরের জন্য পুনরায় নিযুক্ত হলেন সতীশ কুমার।
9. BCCI -এর ভারপ্রাপ্ত সভাপতি হিসেবে নিযুক্ত হলেন রাজীব শুক্লা।
10. Tata Consultancy Services (TCS)-এর নতুন Chief AI & Services Transformation Officer পদে নিযুক্ত হলেন অমিত কাপুর।
11. Indian Air Force Headquarters -এর Air Officer-in-Charge Officer-Maintenance হিসেবে নিযুক্ত হলেন এয়ার মার্শাল সঞ্জীব ঘুরাটিয়া।

পুরস্কার

1. প্রথম ভারতীয় NGO হিসেবে 68তম Ramon Magsaysay Award 2025 জিতল Educate Girls. এছাড়াও 2025 সালের বিজয়ীদের মধ্যে রয়েছেন - মালদ্বীপের শাহিনা আলী এবং ফিলিপাইনের ফ্ল্যাভিয়ানো আন্তোনিও এল. ভিলানুয়েভা (পরিবেশগত কাজের জন্য)। [ভারতের গ্রামীণ ও শিক্ষাগতভাবে সুবিধাবঞ্চিত এলাকায় মেয়েদের শিক্ষার প্রসার করে 'ফাউন্ডেশন টু এডুকট গার্লস গ্লোবালি' নামক রাজস্থানে 2007 সালে স্থাপিত এই ভারতীয় অলাভজনক সংস্থা।]

দিন/থিম

1. পশ্চিমবঙ্গে পুলিশ দিবস পালন করা হয় 1লা সেপ্টেম্বর।
2. জাতীয় পুষ্টি সপ্তাহ পালন করা হয় 1-7 সেপ্টেম্বর; 2025 থিম হল- "Eat Right for a Better Life".
3. জাতীয় শিক্ষক দিবস পালন করা হয় 5 সেপ্টেম্বর। 2025 থিম- Inspiring the Next Generation of Learners. (ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণণের জন্মবার্ষিকী উপলক্ষে 1962 সাল থেকে এই দিবস পালিত হয়ে আসছে।)

খেলাধুলা

1. প্রথম ভারতীয় পুরুষ স্প্রিন্টার হিসেবে World Athletics Championships-এ খেলার যোগ্যতা অর্জন করলেন অনিমেষ কুজুর।
2. World Para Athletics Championships 2025 -এ ভারতের পতাকাবাহী হচ্ছেন ধরমীর এবং প্রীতি পাল।
3. Commonwealth Weightlifting Championships 2025 -এ স্বর্ণপদক জিতলেন ভারতীয় অ্যাটলিট Ajaya Babu Valluri.
4. নেপালকে 5-0 গোলে পরাজিত করে 2025 SAFF U17 Women's Championship জিতল ভারত।
5. World Boxing Championships 2025 শুরু হচ্ছে ইংল্যান্ডের লিভারপুলে।
6. Women's Cricket Fan Engagement বাড়াতে Google-এর সাথে পার্টনারশিপ করলো ICC.
7. Badminton World Federation (BWF) আয়োজিত World Championships 2025-এ ব্রোঞ্জ পদক জিতলেন ভারতীয় সাত্ত্বিকসাইরাজ রাঙ্কিরেড্ডি এবং চিরাগ শেঠি।
8. 16th Asian Shooting Championship 2025-এ পদক তালিকায় মোট 99 টি পদক জিতে প্রথম স্থানে রয়েছে ভারত। ভারত 50 টি সোনা, 26 টি রূপো এবং 23 টি ব্রোঞ্জ পদক জিতেছে।
9. 2025 Dutch Grand Prix জিতলেন অস্ট্রেলিয়ান কার রেসিং ড্রাইভার Oscar Piastri.
10. সম্প্রতি T20 আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর ঘোষণা করলেন অস্ট্রেলিয়ার বোলার মিচেল স্টার্ক।
11. বিশ্বব্যাপী মহিলা ক্রিকেটকে উৎসাহিত করতে ICC Women's Cricket World Cup 2025-এর প্রাইজ মানি 4.48 মিলিয়ন ডলার ঘোষণা করল International Cricket Council (ICC). 2025 সালে 30 সেপ্টেম্বর - 02 নভেম্বর এই টুর্নামেন্ট ভারত ও শ্রীলঙ্কা যৌথভাবে হোস্ট করছে।
12. 30তম Badminton World Championships 2026 অনুষ্ঠিত হবে নিউ দিল্লীতে। (পূর্বে 2009 সালে ভারত এই টুর্নামেন্ট আয়োজন করেছিল)।

প্রকল্প/ পরিষেবা

1. দিল্লীতে কলেজ স্টুডেন্টদের জন্য 'U-Special' বাস পরিষেবা পুনরায় চালু করলেন মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা। এই প্রকল্পের মাধ্যমে বিভিন্ন রুটে 25 টি বৈদ্যুতিক বাস 67 টি শিক্ষা প্রতিষ্ঠানে পরিষেবা প্রদান করবে।
2. 'Mukhya Mantri Mahila Rozgar Yojana' অনুমোদন করল বিহার মন্ত্রীসভা। এর উদ্দেশ্য মহিলাদের আর্থিক সহায়তা প্রদান করে, স্বনির্ভর এবং স্বরোজগারকে প্রমোট করা।

বাণিজ্য এবং অর্থ ব্যবস্থা

1. 2025 আগস্ট মাসে মোট GST সংগ্রহের পরিমাণ 1.86 লক্ষ কোটি টাকা।
2. Purchasing Power Parity (PPP)-এর নিরিখে 2038 সালে বিশ্বের দ্বিতীয় বৃহত্তম অর্থনীতি হবে ভারত এবং 2030 সালের মধ্যে ভারতের অর্থনীতি 20.7 ট্রিলিয়ন মার্কিন ডলার (PPP) পৌঁছাতে পারে। 2025 সালের আগস্ট মাসে

ইকোনমি ওয়াচ প্রকাশিত প্রতিবেদন অনুযায়ী, ভারতের GDP 34.2 ট্রিলিয়ন ডলার হবে এবং মার্কিন যুক্তরাষ্ট্রকে ছাড়িয়ে যাবে।

3. ভারতের প্রথম EMI-Based Credit Card চালু করল Unity Bank এবং BharatPe. এই কার্ড ব্যবহারকারীদের কেনাকাটার জন্য সম্পূর্ণ অর্থ প্রদান করতে বা সাশ্রয়ী মূল্যের সমান মাসিক কিস্তিতে (EMI) রূপান্তর করার সুবিধা দেয় এবং আজীবন ফি-মুক্ত ব্যবহার এবং বিক্রেতাদের কাছে অর্থপ্রদানের জন্য UPI ব্যবহার করার সুবিধা প্রদান করে।
4. Punjab National Bank (PNB) তাদের প্রথম Startup Branch খুলেছে নিউ দিল্লীতে। এই শাখাটি স্পেশালাইজড আর্থিক পণ্য, ঋণ প্রকল্প এবং পরামর্শমূলক সহায়তা প্রদান করবে এবং সফটওয়্যার টেকনোলজি পার্কস অফ ইন্ডিয়া (STPI) এর সাথে অংশীদারিত্বের মাধ্যমে স্টার্টআপগুলিকে কিউরেটেড তালিকার সাথে সংযুক্ত করে আর্থিক সহায়তা প্রদান করবে।
5. ম্যানুয়াল ব্যাকএন্ড অ্যাকাউন্ট ডেটা হস্তক্ষেপের জন্য অডিট ট্রেইল ক্যাপচার করতে ব্যর্থ হওয়ায়, কর্মীদের কমিশন ভুলভাবে প্রদান করায় এবং RBI- এর নির্দেশাবলী লঙ্ঘন করায় Bandhan Bank-কে 44.7 লক্ষ টাকা জরিমানা করল RBI।
6. 01 সেপ্টেম্বর 2025 তারিখে অষ্টম প্রতিষ্ঠা দিবস উদযাপন করলো India Post Payments Bank (IPPB)। 2018 সালে কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রকের ডাক বিভাগের অধীনে ভারত সরকারের 100% ইকুইটি-সহ ইন্ডিয়া পোস্ট পেমেন্টস ব্যাংক (IPPB) প্রতিষ্ঠিত হয়েছিল।

অ্যাপ ও পোর্টাল

1. ভারতের কৃষি-খাদ্য রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে কৃষি ও প্রক্রিয়াজাত খাদ্য পণ্য রপ্তানি উন্নয়ন কর্তৃপক্ষ (APEDA) তাদের নতুন উদ্যোগ, BHARATI (ভারতী), চালু করেছে। ভারতী 100 টি কৃষি-খাদ্য স্টার্টআপকে সহায়তা করার জন্য, উদ্ভাবনকে উৎসাহিত করার জন্য এবং 2030 সালের মধ্যে রপ্তানি 50 বিলিয়ন ডলারে উন্নীত করার জন্য ডিজাইন করা হয়েছে।
2. Adi Vaani নামে দেশের প্রথম AI-powered Translator লঞ্চ করল কেন্দ্রীয় আদিবাসী বিষয়ক মন্ত্রক। আদি বাণী একটি কৃত্রিম বুদ্ধিমত্তা-ভিত্তিক অনুবাদ সরঞ্জাম, এটি উপজাতীয় ভাষাগুলির জন্য বৃহৎ ভাষা মডেলের ভিত্তি হিসেবে কাজ করবে। উপজাতীয় ভাষাগুলি ডিজিটাইজেশন, সংরক্ষণ ও পুনরুজ্জীবনের লক্ষ্যে এটি লঞ্চ করা হল। 2011 আদমশুমারি অনুযায়ী, ভারতে তফসিলি উপজাতিদের দ্বারা কথিত 461 টি উপজাতি ভাষা এবং 71 টি স্বতন্ত্র উপজাতি মাতৃভাষা রয়েছে।

বিবিধ

1. সম্প্রতি ইনস্টিটিউট ফর ইকোনমিক্স অ্যান্ড পিস (IEP) কর্তৃক প্রকাশিত Global Peace Index 2025-এ ভারতের স্থান 115; শীর্ষে রয়েছে আইসল্যান্ড। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে আয়ারল্যান্ড এবং নিউজিল্যান্ড। তালিকায় এশিয়ার সবচেয়ে নিরাপদ দেশ হিসেবে এবং বিশ্বব্যাপী ষষ্ঠ স্থানে সিঙ্গাপুর।
2. ভারতের বায়ুশক্তি 52 গিগাওয়াট অর্জন করেছে। 14,081 মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে শীর্ষ স্থানে রয়েছে গুজরাট। দ্বিতীয় স্থানে তামিলনাড়ু (11,851 মেগাওয়াট) এবং তৃতীয় স্থানে রয়েছে কর্ণাটক (7,760 মেগাওয়াট)।
3. গুজরাটের জামনগরে Dhirubhai Ambani Giga Energy Complex তৈরি করবে Reliance. 44 মিলিয়ন sq ft অঞ্চলে বিস্তৃত এই প্রকল্পটি সিঙ্গাপুরের তিনগুণ আয়তনবিশিষ্ট।
4. DIGIPIN বাস্তবায়নের জন্য MapmyIndia-এর সাথে পার্টনারশিপ করল ভারতীয় ডাক বিভাগ।
5. 2025 TIME 100 AI তালিকায় স্থান পেলে Cognizant-এর CEO রবি কুমার এস। এটি কৃত্রিম বুদ্ধিমত্তার ক্ষেত্রে 100 জন প্রভাবশালী ব্যক্তির বার্ষিক তালিকা।